“মৌতাহ যুদ্ধে আমার হাতে নয় খানা তরবারি ভেঙ্গেছে। কেবল একটি ইয়ামানী ক্ষুদ্র তলোয়ার আমার হাতে অবশিষ্ট ছিল।”

আবূ সুলায়মান খালেদ ইবন ওয়ালীদ রাদিয়াল্লাহু ‘আনহু থেকে মারফু‘ হিসেবে বর্ণিত, তিনি বলেন, “মৌতাহ যুদ্ধে আমার হাতে নয়খানা তরবারি ভেঙ্গেছে। কেবল একটি ইয়ামানী ক্ষুদ্র তরবারি আমার হাতে অবশিষ্ট ছিল।” [সহীহ] [এটি বুখারী বর্ণনা করেছেন।]

খালিদ ইবন ওয়ালিদ রাদিয়াল্লাহু ‘আনহু আল্লাহর তলোয়ার, ইসলামের অশ্বারোহী, ময়দানের বাঘ এবং মুজাহিদদের নেতা। জাহিলিয়্যাতের যুগে তিনি কুরাইশদের নেতা ছিলেন। মক্কা বিজয়ের পূর্বে তিনি ইসলাম গ্রহণ করেন। উহুদের যুদ্ধে তিনি কুরাইশের মুশরিকদের দলে ছিলেন। অতঃপর তিনি ইসলাম গ্রহণ করেন। হাদীসটি আল্লাহর কুদরাতের পূর্ণতার প্রমাণ বহন করে। যাবতীয় বিষয়ের নিয়ন্ত্রণ আল্লাহর হাতেই। তিনি যাকে চান গোমরাহ করেন আর যাকে চান হিদায়েত দেন। হাদীসটিতে খালিদ ইবন ওয়ালিদ মৌতার যুদ্ধে তার তরবারী ভেঙ্গে যাওয়ার বিষয়টি সংবাদ দেন। এটি তার বীরত্ব ও সাহসিকতার প্রমাণ।

https://sunnah.global/hadeeth/bn/show/8407